

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[বিশেষ আদেশ]

তারিখ : ৩১ আগস্ট ২০২১ খ্রিঃ

বিষয় : রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের ফেরতকৃত পণ্য চালান খালাস ও পণ্য রপ্তানিকরণ।

নং ০১৭/২০২১/কাস্টমস/২০৬—রপ্তানি বাণিজ্যের প্রসার, উদারীকরণ ও সহজীকরণের লক্ষ্যে The Customs Act, 1969 এর Section 21 (b) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের বহিঃবাংলাদেশ হতে ফেরতকৃত পণ্য চালান, খালাস ও পুনঃরপ্তানি সংক্রান্ত নিম্নবূপ আদেশ জারি করল :

- (ক) ফেরতকৃত পণ্য চালানোর আমদানি ও রপ্তানি সংক্রান্ত সকল দলিলাদি যথাযথভাবে যাচাই করে নিশ্চিত হতে হবে;
- (খ) ন্যূনতম একজন সহকারী কমিশনার এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে পণ্য চালানসমূহ ১০০% কায়িক পরীক্ষা করে পণ্যের বর্ণনা, ওজন, সংখ্যা বা পরিমাণ প্রভৃতি নিশ্চিত হয়ে খালাস ও পুনঃরপ্তানি কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- (গ) খালাসকালে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক এর দপ্তরের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;
- (ঘ) পুনঃরপ্তানির পূর্বে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক এবং প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এর অনাপত্তিপত্র দাখিল করতে হবে;

(১৩৫৪৫)

মূল্য : টাকা ৪.০০

- (ঙ) খালাসকালে হালনাগাদ অথবা বর্ধিত জাহাজীকরণের মেয়াদ সম্পন্ন রপ্তানি আদেশের কপি (লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে;
- (চ) পণ্য খালাসের ০১ (এক) বছরের মধ্যে ফেরতকৃত পণ্য চালান পুনঃরপ্তানি করতে হবে;
- (ছ) বন্ড লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য শুল্ককরের (এআইটি ব্যতীত) সমপরিমাণ নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ সাপেক্ষে পণ্য চালান খালাস প্রদান করতে হবে;
- (জ) রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠান ফেরত আসা পণ্য চালানের বিপরীতে এ মর্মে অঙ্গীকারনামা দাখিল করবে যে, “পণ্য চালান খালাসের ০১ (এক) বছরের মধ্যে রপ্তানি করতে ব্যর্থতায় ছাড়কৃত চালানের বিপরীতে প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধ করতে বাধ্য থাকবে”;
- (ঝ) ব্যাংক গ্যারান্টি অথবা অঙ্গীকারনামার শত্যাতি পরিপালনে ব্যর্থ হলে শুল্ক কর আদায়ের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঞ) ব্যতিক্রমি পরিস্থিতিতে রপ্তানিকারক জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করতে পারবে;
- (ট) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-২(২) শুল্কঃ রপ্তানি ও বন্ড/৯৬ (অংশ-১)/৩০৮, তারিখ : ০৫-০৬-২০০৭ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৯/২০১৭/কাস্টমস/১১৩, তারিখ : ১৬-০৩-২০১৭ খ্রিঃ এর আদেশদ্বয় এ মর্মে রহিত করা হ'ল।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মশিয়ার রহমান মন্ডল

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।